‘ICPC এশিয়া-ঢাকা রিজিওনাল কনটেস্ট-২০২৪’-এ উল্লেখ্যযোগ্য স্থান অর্জনকারী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান

‘ICPC এশিয়া-ঢাকা রিজিওনাল কনটেস্ট-২০২৪’-এ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের টিম সিংগুলারিটি এবং টিম রিবোটার্স উল্লেখযোগ্য স্থান অর্জন করায় আজ (১০.১২.২০২৪) বিকাল চারটায় বিভাগের পক্ষ থেকে প্রতিযোগী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়। এই সংবর্ধনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিএসই বিভাগের শিক্ষক জনাব আনোয়ারুল ইসলাম। এ সময় বিগত বিভিন্ন প্রতিযোগিতায় সিএসই বিভাগের শিক্ষার্থীদের অর্জনগুলো স্লাইড শো এর মাধ্যমে প্রদর্শন করা হয়। এ অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোহাম্মদ আশরাফুল মুনিম। এছাড়া বক্তব্য রাখেন রেজিস্ট্রার ড. হারুন-অর-রশিদ, বাংলা বিভাগের চেয়ারম্যান জনাব মোঃ আঙ্গুর হোসেন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান জনাব হাফসা আক্তার, সিএসই বিভাগের চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ আল সিয়াম, অর্থনীতি বিভাগের শিক্ষক জনাব শিহাব উদ্দিন সুমন। শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন টিম সিংগুলারিটি এর সদস্য ইমাম হাসান এবং টিম রিবোটার্স এর সদস্য মারসাদুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন করেন সিএসই বিভাগের ৩য় বর্ষের শিক্ষার্থী জনাব মোঃ রাজিব মিয়া।

প্রোগ্রামিং জার্নিতে নিজেদের অভিজ্ঞতা শেয়ারের পাশাপাশি কম্পিটেটিভ প্রোগ্রামিং ও একাডেমিক ভিত্তিকে মজবুত করতে ল্যাব সুবিধা ও বিভিন্ন ক্লাব সুবিধা বৃদ্ধির দাবি জানান শিক্ষার্থীরা। বিভাগের চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ আল সিয়াম বলেন, ল্যাব সুবিধা থেকে শুরু করে ট্রেনিং সুবিধাসহ অন্যান্য সকল সুবিধা শিক্ষার্থীদের নিশ্চিত করতে হবে, তাহলে ভবিষ্যতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থীরা কৃতিত্ব অর্জনের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়কে তুলে ধরতে সক্ষম হবে। অন্যান্য বক্তারাও

প্রতিযোগী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে শিক্ষার্থীদের কাছ থেকে ভবিষ্যতে আরও ভালো কিছু অর্জনের প্রত্যাশা ব্যক্ত করেন।

জাতীয় পর্যায়ে বিশ্ববিদ্যালয়কে কৃতিত্বের সাথে তুলে ধরার জন্য প্রতিযোগী শিক্ষার্থীদের হাতে শুভেচ্ছা স্মারক তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও শিক্ষকমণ্ডলী। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোহাম্মদ আশরাফুল মুনিম ‘ICPC এশিয়া-ঢাকা রিজিওনাল কনটেস্ট-২০২৪’-এ উল্লেখ্যযোগ্য স্থান অর্জনকারী প্রতিযোগী দুই দলকে অভিনন্দন জানিয়ে শিক্ষার্থীদের প্রত্যাশার জায়গাকে গুরুত্বের সাথে তুলে ধরেন। নানা প্রতিবন্ধকতা এবং সুযোগ-সুবিধা কম থাকার পরও শিক্ষার্থীদের এমন অর্জনের ভূয়সী প্রশংসা করেন তিনি। বিশ্ববিদ্যালয়ের বাজেট স্বল্পতার কারণে দ্রুত সময়ে সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করতে না-পারলেও গুরুত্বপূর্ণ সুবিধাগুলো দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের প্রতিশ্রুতি ব্যক্ত করেন তিনি। তাঁর বক্তব্যের মধ্য দিয়েই অনুষ্ঠানটি সমাপ্ত হয়। উল্লেখ্য, ‘ICPC এশিয়া-ঢাকা রিজিওনাল কনটেস্ট-২০২৪’-এ ঢাকা, বুয়েট, জাবি, শাবিসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শক্তিশালী দলগুলোকে পেছনে ফেলে ৫১তম স্থান অর্জন করে টিম সিংগুলারিটি, ১২৩তম স্থান অর্জন করে টিম রিবোটার্স এবং ময়মনসিংহ বিভাগে প্রথম ও দ্বিতীয় স্থান অর্জন করে টিম সিংগুলারিটি এবং টিম রিবোটার্স।